

প্রফেসর ড. মো. বেদুল হোসেন (১৭৪৭৯)
অধ্যক্ষ
সরকারি মজিবর রহমান ভাতারী মহিলা কলেজ, বঙ্গলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.shed.gov.bd

পত্র প্রাপ্তি নং..... ২৭২
তারিখ..... ২৬/৬/২৬
নথি নং.....

স্বাক্ষর

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬৫.০১৬.০০১.২৫.১০৩

তারিখ : ০২ আষাঢ় ১৪৩৩
১৬ জুন ২০২৬

বিষয় : 'বেগম রোকেয়া পদক ২০২৬' এর জন্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০৭.২৬-১১৫; তারিখ: ০৭ জুন ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সূত্রস্থ পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের বর্ণনামতে জানানো যাচ্ছে যে, প্রতি বছর ৯ ডিসেম্বর তারিখে দেশব্যাপী 'বেগম রোকেয়া দিবস' উদযাপন এবং 'বেগম রোকেয়া পদক' প্রদান করা হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় "নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ, পল্লী উন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো ক্ষেত্রে" সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ পাঁচজন বাংলাদেশী নারীকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বেগম রোকেয়া পদক প্রদান করা হবে।

০২। এমতাবস্থায়, 'বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা-২০২৫' মোতাবেক উল্লিখিত যেকোনো ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীকে (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে এবং আওতাধীন দপ্তর-সংস্থা ও প্রতিষ্ঠানে কর্মরত) পদক প্রাপ্তির ক্ষেত্র উল্লেখপূর্বক মনোনয়ন আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সফটকপিসহ হার্ডকপি (ই-মেইল: sas_s4@moedu.gov.bd) সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) অথবা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট (www.dwa.gov.bd) থেকে আবেদনপত্র ও 'ছক' ডাউনলোড করে পূরণপূর্বক আবেদন করতে হবে। নির্ধারিত এই 'ছক' ব্যতিত অন্য কোনো 'ছক' এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না।

সংযুক্তি : বর্ণনামতে।

মুহাম্মদ ওবায়দুর রহমান
উপসচিব
৫৫১০১০৮৫
sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা
- ০৩। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ০৪। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, ঢাকা
- ০৫। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা
- ০৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ০৮। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ০৯। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা